# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ শোকের বছর (عَـامُ الْحُــزْنِ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

রাসূলুল্লাহ (সাঃ)-এর সাথে সাওদাহ (রাঃ)-এর বিবাহ (الزَّوَاجُ بِسَوْدَةَ رَضِيَ اللهُ عَنْهَا):

নবুওয়ত ১০ম বর্ষের শাওয়াল মাসে রাসূলুল্লাহ (ﷺ) সাওদা বিনতে যাম’আহ (রাঃ)-কে বিবাহ করেন। এ মহিলা নবুওয়তের প্রথম অবস্থাতেই মুসলিম হয়েছিলেন। হাবশের (আবিসিনিয়ায়) দ্বিতীয় হিজরতের সময় হিজরতও করেছিলেন। তাঁর পূর্ব স্বামীর নাম ছিল সাকরান বিন ‘আমর। তিনিও প্রথম পর্যায়ের মুসলিম ছিলেন এবং সাওদাহ তাঁর সঙ্গে হাবশা হিজরত করেছিলেন। সাওদাহর স্বামী হাবশে মৃত্যুবরণ করেন। এ কথাও বলা হয়ে থাকে যে, মক্কায় ফিরে আসার পর তিনি মৃত্যুবরণ করেন। বৈধব্যের পর ইদ্দত পালন শেষ হলে নাবী কারীম (ﷺ) তাঁকে বিবাহের প্রস্তাব পাঠান। তারপর তাঁরা উভয়ে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। খাদীজাহ (রাঃ)-এর পর এ মহিলা ছিলেন রাসূলুল্লাহ (ﷺ)_এর প্রথম স্ত্রী (বিবাহ পরম্পরায়) দ্বিতীয় স্ত্রী) কয়েক বছর পর ইনি নিজের পালা আয়িশাহ (রাঃ)-কে দান করে দিয়েছিলেন।[1]

## ফুটনোট

[1] রাহমাতুল্লিল আলামীন ২য় খন্ড ১৬৫ পৃঃ। তালকীহুল ফহুম ৬ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6124

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন